অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

আফিম-জাতীয় ওষুধের সংকটের বিরুদ্ধে লড়াইয়ে আসক্তি সংক্রান্ত পরিষেবাগুলোর উন্নতির জন্য 2 মিলিয়ন ডলার লভ্য রয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

সেবা প্রদানকারীরা আসক্তি সম্পর্কিত ওষুধ পরিষেবা প্রদানের উদ্দেশ্যে মোবাইল মেডিকেশন ইউনিট স্থাপনের জন্য 200,000 ডলার পর্যন্ত অনুদান পেতে পারেন

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আসক্তি সংক্রান্ত পরিষেবা প্রদানকারীদের আফিম-জাতীয় (অপিওয়েড) ওষুধের সংকটের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার উদ্দেশ্যে মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত ব্লক গ্র্যান্ট কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 2 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল সংগ্রহ করেছে। মেথাডোন ও বুপ্রেনরফিন সহ মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার চিকিৎসার জন্য ওষুধ বিতরণ করতে মোবাইল মেডিকেশন ইউনিট (Mobile Medication Unit, MMU) স্থাপন করার জন্য এই তহবিল ব্যবহৃত হবে। বিদ্যমান অপিওয়েড চিকিৎসা কর্মসূচির (OTP) সেবা প্রদানকারীদের দ্বারা এসব ইউনিট পরিচালনার অনুমতি দিয়ে ফেডারেল DEA-এর ইস্যু করা বিধানের পরে এটি ঘটতে যাচ্ছে। এগুলো হবে নিউ ইয়র্ক স্টেটের প্রথম MMU।

"অপিওয়েড সংকটের বিরুদ্ধে লড়াই করা আমার জন্য একটি ব্যক্তিগত লড়াই, এবং আমরা আসক্তির সঙ্গে সংগ্রাম করে যাওয়া ব্যক্তিদের জন্য সংস্থান ও পরিষেবাগুলো উন্নত করতে আমাদের সাধ্যমতো সবকিছু করা অব্যাহত রাখবো," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক স্টেটে প্রথমবারের মতো এধরনের মোবাইল মেডিকেশন ইউনিটগুলো এই গুরুত্বপূর্ণ পরিষেবাকে সরাসরি প্রয়োজন থাকা নিউ ইয়র্কবাসীদের কাছে নিয়ে আসবে এবং সেরে উঠার যাত্রায় তাদেরকে সহায়তা করার জন্য গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো পাওয়ার সুযোগ করে দিবে।"

বর্তমানে OASAS-সার্টিফাইড OTP কর্মসূচি পরিচালনা করছে এমন সেবা প্রদানকারীরা তহবিল পাওয়ার উপযুক্ত হবে এবং MMU ক্রয় ও সংস্কারের জন্য সর্বোচ্চ 200,000 ডলার পর্যন্ত অনুদান পাবে। এসব মোবাইল ইউনিট ভর্তি সংক্রান্ত মূল্যায়ন ও ওষুধ ইনডাকশন, ওষুধ প্রয়োগ ও পর্যবেক্ষণ, বিষক্রিয় পরীক্ষা, এবং অন্যান্য মেডিকেল পরিষেবা প্রদান করবে।

এসব মোবাইল ইউনিট OTP ফ্যাসিলিটিগুলো থেকে ভৌগোলিক নৈকট্য ও পরিবহন সমস্যা সহ চিকিৎসার ক্ষেত্রে অন্যান্য প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া লোকজনকে সাহায্য করবে, এবং আসক্তির জন্য ওষুধের সহায়তায় চিকিৎসার লভ্যতা বৃদ্ধি করবে। এগুলো নিউ ইয়র্ক স্টেটব্যাপী OASAS-সার্টিফাইড সেবা প্রদানকারীদের প্রদান করা ইতোমধ্যে বিদ্যমান মোবাইল পরিষেবা,

যেমন মূল্যায়ন, কাউন্সেলিং, আসক্তির চিকিৎসার জন্য মেথাডোন ব্যতীত অন্য ওষুধ প্রদান, টেলিপ্র্যাক্টিস, ও পরিবহন পরিষেবা, ইত্যাদির সম্পূরক হিসেবে কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports, OASAS) কর্তৃক পরিচালিত একটি RFA প্রক্রিয়ার মাধ্যমে এই তহবিল প্রদান করা হবে। এই RFA এখানে দেখা যাবে।

আবেদনের শেষ সময় 6 ডিসেম্বর।

স্টেট সিনেটর পিট হারখাম বলেন, "আমরা জানি যে মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত লোকজন, বিশেষ করে নিউ ইয়র্কের গ্রামীণ এলাকার বাসিন্দারা সবসময় অপিওয়েড চিকিৎসা প্রদানকারীদের কাছে ভ্রমণ করে যাওয়ার মতো পরিবহন মাধ্যম বা অর্থের অ্যাক্সেস পান না। স্টেটের প্রথম মোবাইল মেডিকেশন ইউনিটগুলোর জন্য গভর্নর হোকলের প্রয়োজনীয় তহবিল অর্জন করার মধ্য দিয়ে, আমরা স্টেটব্যাপী যেসব জায়গায় প্রয়োজন থাকা লোকজন বসবাস করছেন সেসব জায়গায় সেরে উঠার মাধ্যমগুলোকে নিয়ে যেতে পারবো - এবং এর ফলস্বরূপ জীবন রক্ষা করতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য ফিল স্টেক বলেন, "আমরা আনন্দিত যে OASAS নিউইয়র্কে অপিওয়েড আসক্তির জন্য ওষুধের সহায়তায় চিকিৎসাকে আরো বেশি অ্যাক্সেসযোগ্য করছে। হেরোইনের আসক্তির সাথে লড়াই করার জন্য দীর্ঘদিন ধরে ব্যবহৃত হয়ে আসা একটি বিজ্ঞানসম্মত পদ্ধতি হলো মেথাডোন। এই মহামারীর বিরুদ্ধে লড়াই করাটা স্টেট সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত। MMU-গুলো এই জরুরি প্রয়োজন মেটানোর জন্য একটি গুরুত্বপূর্ণ প্রচেষ্টা।"

গত কয়েক বছরে, নিউ ইয়র্ক স্টেট অপিওয়েড দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, স্টেট প্রথাগত সেবা প্রাপ্যতা সম্প্রসারিত করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্পের পাশাপাশি ঔষধের সহায়তায় চিকিৎসা সেবা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। সেসময় থেকে এসব পরিষেবা স্টেটজুড়ে অসংখ্য কমিউনিটিতে প্রতিষ্ঠিত হয়েছে, এবং অভাবী মানুষদের তাদের বসবাসের এলাকার তুলনামূলক কাছাকাছি জায়গায় সেবা অ্যাক্সেস করতে সাহায্য করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY

(1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###